

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
রূপসা, খুলনা  
[www.rupsha.khulna.gov.bd](http://www.rupsha.khulna.gov.bd)

স্মারক নং- ০৫.৪৪.৪৭৭৫.০০০.১২.০০৩.২৫- ৮১৩

তারিখ-০৫/১০/২০২৫ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ২১ শে বৈশাখ, ১৪২২/০৪ মে, ২০১৫ খ্রি. তারিখের প্রজ্ঞাপনের আলোকে খুলনা জেলার রূপসা উপজেলার নৈহাটি ইউনিয়ন পরিষদে ওয়ার্ড ভিত্তিক শূন্য পদের বিপরীতে ০২ (দুই) জন গ্রাম পুলিশ (মহল্লাদার) সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিয়োগের নিমিত্তে উল্লিখিত শর্ত সাপেক্ষে রূপসা উপজেলার স্ব-স্ব ইউনিয়নের স্ব-স্ব ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।



ইউনিয়নের নাম	পদের নাম	ওয়ার্ড নং	পদ সংখ্যা	বয়সসীমা	সর্বসাকুল্যে বেতন	প্রয়োজনীয় যোগ্যতা
নৈহাটি	মহল্লাদার	০১ ও ০৮ নং ওয়ার্ড	০২	৩০/০৯/২০২৫ খ্রি. তারিখে বয়স ১৮ হতে ৩২ বছর	সরকারি অংশ মাসিক ৩৭৫০/- ইউপি অংশ মাসিক ৩৭৫০/- সর্বমোট ৭৫০০/- যাতায়াত ভাতা- সাপ্তাহিক ৩০০/-	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

শর্তাবলী

- আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা বরাবর আবেদন দাখিল করতে হবে। আবেদন আগামী ১৫/১০/২০২৫ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/সরাসরি দাখিল করতে হবে। কোন প্রকার ঘষামজা, ওভার রাইটিং ও কাটাছেড়া ব্যতীরেকে আবেদন দাখিল করতে হবে।
- আবেদন পত্রে প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত: (ক) আবেদনকারীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) স্থায়ী ঠিকানা (চ) জন্ম তারিখ ও বয়স (ছ) জাতীয়তা (জ) ধর্ম (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) প্রশিক্ষণ/অভিজ্ঞতা (যদি থাকে) (ট) জাতীয় পরিচয় পত্র নং- উল্লেখ করতে হবে
- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং ছকে উল্লিখিত ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে। মহল্লাদার পদে সংশ্লিষ্ট ওয়ার্ডের যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পাশ্চাত্তী ওয়ার্ড হতে শূন্য পদে লোক নিয়োগ করা হবে।
- আবেদন পত্রের সাথে প্রার্থীর সদ্যতোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের ছবি- যা প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক ওয়ার্ড নং উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিক সনদপত্র, অনলাইন জন্ম নিবন্ধন, জাতীয় পরিচয় পত্র (যদি থাকে), সকল শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য কাগজ পত্রের সত্যায়িত কপি এবং ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।



- ৫) আবেদন পত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা বরাবর পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচ শত) টাকার ব্যাংক ড্রাফট/পেঅর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।
- ৬) পুরুষ প্রার্থীর সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি বৃকের মাপ সর্বনিম্ন ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি সম্প্রসারণ এবং সর্বনিম্ন ওজন ৫০ কেজি হতে হবে এবং মহিলা প্রার্থীর সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট বৃকের মাপ সর্বনিম্ন ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি সম্প্রসারণ এবং সর্বনিম্ন ওজন ৪৫ কেজি হতে হবে।
- ৭) প্রার্থীর বয়স ৩০/০৯/২০২৫ খ্রি. তারিখে ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে।
- ৮) আবেদন পত্র গ্রহণ ও বাতিলের বিষয় নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত এ বিষয়ে কোন আপত্তি উপস্থাপন করা যাবে না।
- ৯) আবেদনকারীকে আগামী ১৫/১০/২০২৫ খ্রি. তারিখের মধ্যে আবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা দিতে হবে।
- ১০) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

  
 ০৫/১০/২০২৫  
 (সানজিদা রিক্তা)  
 উপজেলা নির্বাহী অফিসার  
 রূপসা, খুলনা  
 মোবা: ০১৭৪৭-৬০৬০৬০  


অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১) জেলা প্রশাসক, খুলনা
- ২) উপ-পরিচালক, স্থানীয় সরকার, খুলনা
- ৩) প্রশাসক, উপজেলা পরিষদ, রূপসা, খুলনা
- ৪) অফিসার-ইন-চার্জ, রূপসা থানা, রূপসা, খুলনা
- ৫) ব্যবস্থাপক, সোনালী/অত্রণী/কাজদিয়া কৃষি ব্যাংক, কাজদিয়া, রূপসা, খুলনা
- ৬) চেয়ারম্যান, নৈহাটি ইউনিয়ন, রূপসা, খুলনা
- ৭) ইজারাদার, রূপসা কাঁচা বাজার, রূপসা গো হাট, নৈহাটি কালী বাড়ী বাজার, জাবুসা হাট, সামন্তসেনা নতুন হাট, রূপসা, খুলনা (তাকে সংশ্লিষ্ট হাট বাজারে বিজ্ঞপ্তি টি ডোলসহরতের মাধ্যমে ব্যাপক প্রচার করার জন্য অনুরোধ করা হলো)
- ৮) অফিস কপি